# মুয়াত্তা মালিক

হাদিস নাম্বারঃ ১৭৮০

৫২. স্বপ্ন সম্পর্কিত অধ্যায় (كتاب الرؤيا )

পরিচ্ছেদঃ ১. স্বপ্ন প্রসঙ্গ

بَاب مَا جَاءَ فِي الرُّؤْيَا

আরবী

حَدَّثَنِي عَنْ مَالِك عَنْ إِسْحَقَ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي طَلْحَةَ الْأَنْصَارِيِّ عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ الرُّؤْيَا الْحَسَنَةُ مِنْ الرَّجُلِ الصَّالِحِ جُزْءٌ مِنْ سِتَّةٍ وَأَرْبَعِينَ جُزْءًا مِنْ النُّبُوَّةِ وَحَدَّثَنِي عَنْ مَالِك عَنْ أَبِي الزِّنَادِ عَنْ الْأَعْرَجِ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِمِثْلِ ذَلِكَ

বাংলা

রেওয়ায়ত ১. আনাস ইবনে মালিক (রাঃ) বলেনঃ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলিয়াছেন, নেককার মানুষের ভাল স্বপ্ন নবুয়তের ছেচল্লিশ ভাগের একভাগ সমতুল্য।[1]আবু হুরায়রা (রাঃ) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হইতে অনুরূপ (অর্থাৎ পূর্বোক্ত হাদীস) রেওয়ায়ত করিয়াছেন।

## English

Yahya related to me from Malik from Ishaq ibn Abdullah ibn Abi Talha al-Ansari from Anas ibn Malik that the Messenger of Allah, may Allah bless him and grant him peace, said, "The good dream of a man who is salih is a forty-sixth part of prophecy."

Yahya related the like of that to me from Malik from Abu'z-Zinad from al-Araj from Abu Hurayra from the Messenger of Allah, may Allah bless him and grant him peace.

ফুটনোট

[1] যেকোন ব্যক্তির স্বপ্ন যে ঠিক হইবে, এমন কথা বলা যায় না। তবে নেককার মানুষের ভাল স্বপ্ন সাধারণত ঠিক হয় অর্থাৎ যাহা দেখে তাহাই হয়। অত্র হাদীসে অনুরূপ স্বপ্নের কথা বলা হইয়াছে যে, যদি স্বপ্ন ভাল হয়

এবং নেককার মানুষের হয় আর উহার তা'বীর মুতাবিক ফলাফলও সত্য বলিয়া প্রমাণিত হয়, তাহা হইলে সেই স্বপ্নের মর্যাদা এত অধিক যে, উহা নবুয়তের ছেচল্লিশ ভাগের একভাগ সমতুল্য। কিন্তু নবুয়তকে ভাগ করা যায় না। তাই এখানে নবুয়তের সময়কে ভাগ করিতে হইবে। অতএব নবুয়তের মোট সময় ছিল তেইশ বৎসর। রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নবুয়ত প্রাপ্তির পূর্বে ছয় মাস পর্যন্ত সত্য স্বপ্ন দেখিয়াছিলেন। সুতরাং এই ছয় মাসকে এক ভাগ ধরিলে মোট তেইশ বৎসরে ছেচল্লিশ ভাগ হয়। তাই অত্র হাদীসে বলা হইয়াছে যে, নেককার মানুষের স্বপ্ন নবুয়তের ছেচল্লিশ ভাগের এক ভাগ সমান।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)
Link — https://www.hadithbd.com/hadith/link/?id=74677

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন